# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/১৩৭

তারিখঃ ২০ কার্তিক ১৪২৬ বঙ্গাব্দ
০৫ নভেম্বর ২০১৯ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

৭০৪ তম কমিশন সভা অদ্য ০৫/১১/২০১৯ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তও গৃহীত হয়েছেঃ

১. বিগত ২০ অক্টোবর ২০১৯ তারিখে "শেয়ারবাজার প্রতিদিন ডট কম" নামক অনলাইন ভিত্তিক পত্রিকায় "অস্তিত্বহীন ইউনিভার্স নিটিং কোম্পানির নামে রিংসাইন টেক্সটাইলের প্রায় ২৫ কোটি টাকার শেয়ার" শিরোনামে একটি সংবাদ প্রকাশিত হয়। ইউনিভার্স নিটিং গার্মেন্টস লিমিটেডের চেয়ারম্যান Mr. Sung Wey Min রিং শাইন টেক্সটাইলস্ লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক – বিষয়টি প্রসপেক্টাসে এমনকি নিরীক্ষিত আর্থিক প্রতিবেদনে উল্লেখ নেই বলে প্রকাশিত সংবাদে দাবী করা হয়। বস্তুতঃ প্রকাশিত প্রসপেক্টাসের ১৯৫ নং পাতায় রিং শাইন টেক্সটাইলস্ লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক – এর অন্যান্য কোম্পানিতে সম্পৃক্ততার শিরোনামে পরিষ্কারভাবে উল্লেখ আছে এবং ইউনিভার্স নিটিং কোম্পানির নিয়মিত পরিচালনায় সক্রিয় থাকার প্রমানাদি রিং শাইন টেক্সটাইলস্ লিমিটেড কমিশনে প্রেরণ করেছে। এমতাবস্থায় বিষয়টি কমিশনের অদ্যকার সভায় বিস্তারিত আলোচনা করে যথাযথভাবে ডিসক্লোজারের ভিত্তিতে বিষয়টি সম্পন্ন হয়েছে বিধায় কোন আইন লংঘিত হয়নি বলে কমিশন মনে করে। তদুপরি বাজার ও বিনিয়োগকারীগনের স্বার্থে রিং শাইন টেক্সটাইল লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক - Mr. Sung Wey Min এর স্বার্থ-সংশ্লিষ্ট (চেয়ারম্যান) প্রতিষ্ঠান ইউনিভার্স নিটিং গার্মেন্টস লিমিটেড কর্তৃক রিং শাইন টেক্সটাইল লিমিটেডের ধারণকৃত সকল শেয়ার ১ (এক) বছরের পরিবর্তে ৩ (তিন) বছরের লক-ইনের শর্ত আরোপের জন্য অদ্যকার সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

২. একই জাতীয় পরিচয়পত্র নাম্বার, একই মোবাইল নাম্বার এবং একই ব্যাংক হিসাব নাম্বার কিছু ক্ষেত্রে বিভিন্ন বিও হিসাবে ব্যবহার করা বিষয়ে গত ২০ জুন, ২০১৯ ইং তারিখের ৬৯০ তম কমিশন সভায় কমিশন ডিপোজিটরি অংশগ্রহণকারীদের (DP) জন্য একটি সার্কুলার ইস্যু করা হয়েছিল। উক্ত সার্কুলারে এই ধরণের ব্যত্যয় থাকলে ডিপোজিটরি অংশগ্রহণকারীদের (DP) তা সংশোধন করতে বলা হয়েছিল। আজকের কমিশন সভায় উক্ত সংশোধন করার সময়সীমা আগামি ৩১ ডিসেম্বর, ২০১৯ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে।

৩. মিউচ্যুয়াল ফান্ডে বিনিয়োগের ক্ষেত্রে মূল্যহ্রাস জনিত ক্ষতির বিপরীতে প্রভিশন সংরক্ষণ সংক্রান্ত যে সুবিধা আর্থিক প্রতিষ্ঠান ও মিউচ্যুয়াল ফান্ডসমূহ ও মার্চেন্ট ব্যাংকারসমূহ পেয়ে থাকে, ডিএসই ব্রোকার অ্যাসোসিয়েশন (ডিবিএ) এর আবেদনের প্রেক্ষিতে, স্টক ডিলার সমূহকেও প্রভিশন সংরক্ষণ সংক্রান্ত অনুরূপ সুবিধা প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে শীঘ্রই একটি নির্দেশনা জারি করা হবে।

উক্ত নির্দেশনার অন্যান্য বিষয়ের মধ্যে এখন থেকে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণে প্রভিশন সংরক্ষণ করা যাবেঃ

(ক) মেয়াদী (Closed end) মিউচ্যুয়াল ফান্ড এ বিনিয়োগের ক্ষেত্রে:

সংরক্ষিতব্য প্রভিশন = [মেয়াদী মিউচ্যুয়াল ফান্ড ইউনিটের গড় ক্রয় মুল্য - চলতি বাজার মূল্যে নীট সম্পদ মূল্যের ৮৫% (NAVcmp * 85%)]

(খ) বে-মেয়াদী (Open end) মিউচ্যুয়াল ফান্ড এ বিনিয়োগের ক্ষেত্রে:

সংরক্ষিতব্য প্রভিশন = [বে-মেয়াদী মিউচ্যুয়াল ফান্ড ইউনিটের গড় ক্রয় মুল্য - বে-মেয়াদী ইউনিটের পুনঃক্রয় মূল্য (NAVcmp এর সর্বোচ্চ ৫% ডিসকাউন্ট)]

৪. লেনদেনের প্রথম দিকে নতুন তালিকাভুক্ত শেয়ারের উচ্চ মূল্য থাকায় এনআরবি কোটা (NRB Quota) সহ লটারিতে প্রাপ্ত বিনিয়োগকারীগণ প্রাথমিক শেয়ার সমূহ উচ্চ মূল্যে বিক্রি করে বাজার থেকে বেরিয়ে যান। পরবর্তীতে নতুন তালিকাভুক্ত শেয়ার তার প্রথম দিনের উচ্চ মূল্য ধরে রাখতে পারে না। ফলে সাধারণ বিনিয়োগকারীরা ক্ষতিগ্রস্ত হয় ও সূচক (Index) এর উপর ঋনাত্মক প্রভাব পড়ে এবং বাজার তার স্বাভাবিক গতি হারায়। এমতাবস্থায়, ডিএসই এর প্রস্তাবনার প্রেক্ষিতে স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত নতুন শেয়ার/সিকিউরিটিজ লেনদেনের প্রথম দিন হতে সার্কিট ব্রেকার এর আওতায় থাকবে। প্রথম দিন ইস্যু মূল্যের ৫০% এবং দ্বিতীয় দিন লেনদেনকৃত শেয়ারের রেফারেন্স মূল্য (Reference Price)/ বিগত দিনের সমাপ্ত মূল্য (Yesterday's Closing Price)/ সমন্বিত প্রারম্ভিক মূল্য (Open Adjusted Price) এর উপর ৫০% হারে সার্কিট ব্রেকার (Circuit Breaker) প্রযোজ্য হবে। পরবর্তীতে তৃতীয় লেনদেনের তারিখ হতে স্বাভাবিক হারে সার্কিট ব্রেকার প্রযোজ্য হবে।

০৫/১১/২০১৯

মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।


ফোন (পিএবিএক্স) : +৮৮-০২-৫৫০০৭১৩১-২, ফ্যাক্স : +৮৮-০২-৫৫০০৭১০৬, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.sec.gov.bd